ইনকিলাব

17 SEP 2__ পৃষ্ঠা ১৬ কলাম ১

# মহান শিক্ষা দিবস আজ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

আজ (বৃহস্পতিবার) মহান শিক্ষা দিবস। দিবসটি উপলক্ষে বিভিন্ন সংগঠনের উদ্যোগে শ্রদ্ধা জ্ঞাপন, আলোচনা সভাসহ নানা কর্মসূচি হাতে নেয়া হয়েছে। ১৯৬২ সালে তৎকালীন পাকিস্তানী সামরিক শাসক আইয়ুব খানের চাপিয়ে দেয়া শরীফ কমিশনের ছাত্রস্বার্থ ও গণবিরোধী শিক্ষা নীতি প্রতিহত করতে তুমুল ছাত্র আন্দোলন শুরু হয়েছিল। পৃঃ ২ কঃ ৪

## মহান শিক্ষা দিবস আজ

১৬-এর পৃষ্ঠার পর

আন্দোলনের একপর্যায়ে ১৭ আগস্ট হাইকোর্ট মোড়ে ছাত্রদের মিছিলে পুলিশ গুলী চালায় আইয়ুব সরকারের পুলিশ। এতে মোস্তফা, বাবুল, ওয়াজিউল্লাহ শহীদ হন। তারপর থেকে বাংলাদেশের ছাত্রসমাজ প্রতিবছর এ দিনটিকে শিক্ষা দিবস হিসেবে পালন করে আসছে। বিশ্ব শিক্ষা দিবস উপলক্ষে জাতীয় শিক্ষক-কর্মচারী ফ্রন্ট এক আলোচনা সভার আয়োজন করেছে। সভায় কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী, শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদসহ মন্ত্রী, বিশ্ববিদ্যালয়ের ভিসি ও শিক্ষকরা অংশ নিবেন। বাংলাদেশ শিক্ষক-কর্মচারী ঐক্য পরিষদ বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে সমিতির কেন্দ্রীয় কার্যালয়ে এক আলোচনার আয়োজন করেছে। জাসদ ছাত্রলীগ শিক্ষক দিবসে শিক্ষা ভবনের সামনে শিক্ষা অধিকার চত্বরে পুষ্পার্ঘ্য অর্পণ করবে এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ে মিছিল সমাবেশের কর্মসূচি হাতে নিয়েছে। এছাড়া বিভিন্ন সামাজিক, রাজনৈতিক সংগঠন কর্মসূচি পালন করবে।